SME NEWS
# এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

SME FOUNDATION

মুজিব শতবর্ষ MUJIB 100

বর্ষ ১৩ । সংখ্যা ৪২ | এপ্রিল-জুন ২০২৩

## ‘কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে এসএমই খাতের উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা’ কর্মশালা




‘কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে এসএমই খাতের উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা’ কর্মশালায় শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

এসএমই খাতের উন্নয়নে এবং এসএমই নীতিমালা ২০১৯ বাস্তবায়নে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ প্রয়োজন বলে মনে করেন শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার এমপি। এই লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে এসএমই ফাউন্ডেশনের অনুকূলে অন্তত ৫ হাজার কোটি টাকা বরাদ্দ দেয়া উচিত বলেও মনে করেন শিল্প প্রতিমন্ত্রী। ১১ মে ২০২৩ রাজধানীর পুরানা পল্টন লেনের পল্টন টাওয়ারে ইআরএফ কার্যালয়ে ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) সদস্যদের জন্য এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত ‘কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে এসএমই খাতের উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা’ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন ইআরএফ সভাপতি রেফায়েত উল্লাহ মীরধা। ইআরএফ সাধারণ সম্পাদক আবুল কাশেমের সঞ্চালনায় কর্মশালায় বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। এসএমই ফাউন্ডেশনের চ্যালেঞ্জগুলো তুলে ধরে ড. মফিজুর রহমান বলেন, লোকবল সংকট এবং নিজস্ব ভবন, ঢাকার বাইরে কার্যালয় ও পর্যাপ্ত তহবিলের অভাবে এসএমই ফাউন্ডেশন উদ্যোক্তাদের চাহিদামতো সেবা দিতে পারছেনা। ঢাকার বাইরে সারাদেশে কাঙ্খিত কার্যক্রম পরিচালনা করা যাচ্ছেনা। ক্ষুদ্র উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন কেন্দ্র না থাকায় উদ্যোক্তাদের বাজারজাতকরণে বাধা তৈরি হচ্ছে। এছাড়া শিল্প মন্ত্রণালয় বা অর্থ বিভাগ হতে বাজেট বরাদ্দ না পাওয়া, ফাউন্ডেশনের আয়কর অব্যাহতি প্রাপ্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে অমীমাংসিত বিষয় ও এই খাতে সরকারের কোনো উন্নয়ন প্রকল্প না থাকাও বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তিনি আরো জানান, দেশব্যাপী বর্ধিত কর্মসূচি গ্রহণের জন্য ফাউন্ডেশনের আরো এন্ডাউমেন্ট ফান্ড ক্রেডিট হোলসেলিং কর্মসূচি সম্প্রসারণের জন্য ক্রেডিট ফান্ড বরাদ্দ, এসএমই নীতিমালা ২০১৯-সহ সরকারের বিভিন্ন নীতিমালা বাস্তবায়নে সুনির্দিষ্ট বাজেট বরাদ্দ, ফাউন্ডেশনের নিয়মিত কর্মসূচি বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ, সরকারের অর্থায়নে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) অনুমোদন, দাতা সংস্থার অর্থায়নে কারিগরি ও উন্নয়ন প্রকল্প এবং ঢাকায় ফাউন্ডেশনের নিজস্ব অফিস ভবনসহ বিভাগীয়/জেলা পর্যায়ে শাখা অফিস, উদ্যোক্তা উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্র এবং ইনকিউবেশন অ্যান্ড ইনোভেশন সেন্টার স্থাপন করা প্রয়োজন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান বলেন, কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতিতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের চ্যালেঞ্জ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন দেশের অর্থনৈতিক প্রতিবেদকরা। এসএমই খাতের উন্নয়নে গণমাধ্যমকে সরকারের এবং এসএমই ফাউন্ডেশনের পাশে থাকারও আহবান জানান তিনি। বাংলাদেশের অর্থনীতিতে বর্তমানে এসএমই খাতের অবদান প্রায় ৩০ শতাংশ। এসএমই নীতিমালা ২০১৯ -এ আগামী বছরের মধ্যে এসএমই খাতের অবদান ৩২ শতাংশে উন্নীত করার লক্ষ্য ঠিক করা হয়েছে। তবে পর্যাপ্ত তহবিলের অভাবে দেশের এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন, পণ্য বাজারজাতকরণসহ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করতে পারছেনা এসএমই ফাউন্ডেশন। তাই এই খাতের উন্নয়নে সুনির্দিষ্ট বরাদ্দ প্রয়োজন।

প্রধান অতিথির বক্তৃতায় শিল্প প্রতিমন্ত্রী আরো বলেন, ‘আমরা উন্নত দেশ হওয়ার ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ইতোমধ্যে আমরা মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছি। আমাদের উন্নত বিশ্বের কাতারে যেতে হলে আমাদের বেকার সমস্যা সমাধান করতে হবে, আমাদের অর্থনীতিকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। তা হলে আমরা স্মার্ট বাংলাদেশ গড়তে পারবোনা। আমাদের দেশে যদি ক্ষুধা দারিদ্র্য ও বেকার সমস্যা থাকে তবে আমরা স্মার্ট বাংলাদেশ করতে পারবোনা। তিনি আরো বলেন, এসএমই ফাউন্ডেশনের দাবিগুলো নিয়ে আলোচনা হয়েছে। তারপরও এগুলো নিয়ে অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলতে হবে। আমার মনে হয় এসএমই ফাউন্ডেশনকে ৫ হাজার কোটি টাকা দেয়া উচিত।’

# চট্টগ্রামে 'এসএমই ফাইন্যান্সিং ফেয়ার ২০২৩'



উদ্বোধনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানসহ অতিথিবৃন্দ



'এসএমই ফাইন্যান্সিং ফেয়ার' পরিদর্শন করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান

০৩ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামে এসএমই ফাইন্যান্সিং ফেয়ার ২০২৩ উদ্বোধন করেন প্রধান অতিথি এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। নগরীর ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মনোয়ারা হাকিম আলীর সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কার্যালয়ের পরিচালক মোহা. নুরুল আলম এবং চিটাগং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মাহবুবুল আলম। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন বলেন, একজন ক্ষুদ্র উদ্যোক্তার ব্যবসা বিকাশে ব্যাংকের ভূমিকা অপরিসীম। তিনি আশাবাদ ব্যক্ত করেন, মেলার মাধ্যমে চট্টগ্রাম অঞ্চলে এসএমই খাতে অর্থায়ন ত্বরান্বিতকরণ, প্রচলিত ব্যাংক ঋণের বিভিন্ন পণ্য সম্পর্কে উদ্যোক্তাদের অবহিতকরণ, অর্থায়ন বিষয়ে উদ্যোক্তাদের মধ্যে সচেতনতা সৃষ্টি এবং সর্বোপরি এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সম্পর্কোন্নয়ন হবে। তিনি প্রতি বছর এমন মেলা আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। অনুষ্ঠানে উদ্যোক্তা ও ব্যাংক প্রতিনিধিগণ বক্তব্য রাখেন। উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় ব্যাংকসহ বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধি, জনপ্রতিনিধি, উদ্যোক্তা উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি সংস্থার প্রতিনিধি, উন্নয়নকর্মী, গবেষক, সংবাদ মাধ্যম, এসএমই উদ্যোক্তা, চেম্বার/ট্রেডবডি/অ্যাসোসিয়েশন ও এনজিও প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। মেলায় ২৫টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান দর্শনার্থীদেরকে তাদের সেবা ও ঋণ পণ্য সম্পর্কে ধারণা প্রদান করেন। এছাড়া মেলায় একই ছাদের নিচে ব্যাংকার ও উদ্যোক্তা সংযোগকরণে নারী-উদ্যোক্তা পরিচালিত ২৫টি ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান তাঁদের উৎপাদিত পণ্য নিয়ে অংশগ্রহণ করে। সমাপনী অনুষ্ঠানে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পক্ষ থেকে ০৮জন ক্ষুদ্র উদ্যোক্তার হাতে এসএমই ঋণের চেক তুলে দেয়া হয়। উল্লেখ্য, এসএমই অর্থায়নের প্রসারে ফাউন্ডেশন ২০০৯ সাল থেকে জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ে এ রকম এসএমই ফাইন্যান্সিং ফেয়ার আয়োজন করে আসছে। ০৫ জুন ২০২৩ ফেয়ারের সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী ২৫টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এবং ২৫টি এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠানকে অংশগ্রহণের সনদ প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ অধিদপ্তরের চট্টগ্রাম কার্যালয়ের পরিচালক (গবেষণাগার) নাসিম ফারহানা শিরীন। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি (ইন-চার্জ) আবিদা মোস্তফা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ভাইস-প্রেসিডেন্ট রেখা আলম চৌধুরী।

# রাজশাহীতে 'Youth Entrepreneurship & Startups for Students (YESS)' অনুষ্ঠান



'Youth Entrepreneurship & Startups for Students (YESS)' অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম সাব্বির সাত্তারসহ অতিথিবৃন্দ

২৫ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্যারিয়ার কাউন্সেলিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টারের সহযোগিতায় বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ এবং সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে ব্যাংকসহ বিকল্প অর্থায়ন বিষয়ে 'Youth Entrepreneurship & Startups for Students (YESS)' অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম সাব্বির সাত্তার। বিশেষ অতিথি ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. সুলতান-উল-ইসলাম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. হুমায়ুন কবীর, বাংলাদেশ ব্যাংক রাজশাহী কার্যালয়ের নির্বাহী পরিচালক কাজী রফিকুল হাসান এবং রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মাসুদুর রহমান রিংকু। অনুষ্ঠানে রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অনুষদের শিক্ষক, উদ্যোক্তা উন্নয়ন সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী সংস্থার প্রতিনিধি, এসএমই শিল্পোদ্যোক্তা, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত ছিলেন। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার অনুষ্ঠানের শুরুতে YESS কর্মসূচির উদ্দেশ্য ও কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। তিনি জানান, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পর্বের অন্তত ১০০০জন শিক্ষার্থীকে আগামী তিন বছরে উদ্যোক্তা ও স্টার্টআপ হিসেবে প্রতিষ্ঠিত করতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে তিনটি বিশ্ববিদ্যালয়ের সাড়ে তিনশ'রও বেশি শিক্ষার্থী অংশগ্রহণ করেন। শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধ করতে 'Experience Sharing with Young Entrepreneurs' পর্বে সফল উদ্যোক্তার কেইস স্টাডি নিয়ে মঞ্চে উপস্থিত ছিলেন 'হাতবাক্স' এর প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা শাফাত কাদির এবং তানজিনা তারেক। উদ্যোক্তা হিসেবে তাঁদের পথচলা, সফলতা, ব্যর্থতা ও প্রতিবন্ধকতা শিক্ষার্থীদের সামনে তুলে ধরেন এবং শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেন। ২য় পর্বে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ, সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে 'How to Become an Entrepreneur' সেশন অনুষ্ঠিত হয়। সেশন চেয়ার ছিলেন 'চাকরি খুঁজব না, চাকরি দেব'র সহ-প্রতিষ্ঠাতা মুনির হাসান। আলোচক ছিলেন এফএম প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ'র ব্যবস্থাপনা পরিচালক গাজী তৌহিদুর রহমান, উই ট্রাস্ট'র প্রেসিডেন্ট নাসিমা আক্তার নিশা এবং পাট পণ্যের তরুণ উদ্যোক্তা ইশরাত জাহান চৌধুরী। সেশনে শিক্ষার্থীদের সৃজনশীল ও উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী করা, উদ্যোগ গ্রহণে প্রয়োজনীয় তথ্য প্রদান, উদ্যোক্তা হতে প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয় নিয়ে উন্মুক্ত আলোচনা হয়। এ সময় আলোচকবৃন্দ শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। কর্মসূচিতে শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে নীতি সহায়তা, স্টার্টআপ বিকাশ ও সহজতর অর্থায়নের বিষয়ে তথ্য প্রদানের লক্ষ্যে 'How to Arrange Capital to Start a Business' সেশন অনুষ্ঠিত হয়। সেশনে শিক্ষার্থীদের নতুন উদ্যোগে ব্যাংক থেকে অর্থায়ন প্রাপ্তি, ব্যাংক বহির্ভূত অর্থায়ন প্রাপ্তিতে বিশেষতঃ স্টার্টআপ ও ভেঞ্চার ক্যাপিটাল প্রাপ্তিতে প্রয়োজনীয় তথ্য প্রদান ও সহায়ক ডকুমেন্টসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এ উপলক্ষ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবন মিলনায়তন সংলগ্ন চত্বরে এটুআই এর Digital Financial Services & Digital Access, Future of Work এবং ekShop, রবি আজিয়াটা লিমিটেড, রাজশাহী স্টার্টআপ, ব্র্যাক ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, ব্যাংক এশিয়া, এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাব, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) ক্যারিয়ার ফোরাম এবং তরুণ উদ্যোক্তা প্রতিষ্ঠান 'হাতবাক্স' নিজেদের সেবা দর্শনার্থীদের কাছে তুলে ধরেন।

# সমঝোতা স্মারক স্বাক্ষর


## ABCD প্রোগ্রামের আওতায় ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষর




সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানসহ অতিথিবৃন্দ

এসএমই ফাউন্ডেশন চট্টগ্রাম অঞ্চলের সম্ভাবনাময় নারী-উদ্যোক্তাদের সহজ শর্তে ও স্বল্প সুদে ঋণ দিতে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। Association Based Credit Disbursement (ABCD) প্রোগ্রামের আওতায় স্বাক্ষরিত সমঝোতা স্মারকের অন্য দু'টি পক্ষ হলো চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক। ০৩ জুন ২০২৩ চট্টগ্রামের ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের পক্ষে মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পক্ষে ভাইস প্রেসিডেন্ট আয়েশা ফারহা চৌধুরী এবং বেঙ্গল কমার্শিয়াল ব্যাংকের পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক কে এম আওলাদ হোসেন সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের আওতায় চট্টগ্রম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সদস্য এসএমই উদ্যোক্তাদের ক্যাপাসিটি বিল্ডিং ও ব্যাংকেবল করতে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং উদ্যোক্তাদের অর্থায়নে ফাউন্ডেশন ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় তহবিল বরাদ্দ করা হবে বেঙ্গল কমার্শিয়াল ব্যাংকের অনুকূলে। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'ও প্রেসিডেন্ট মনোয়ারা হাকিম আলী।

## 'স্টার্টআপ বাংলাদেশ'-এর সাথে এসএমই ফাউন্ডেশনের সমঝোতা স্মারক স্বাক্ষর



দেশের শিক্ষিত যুবকদের সৃজনশীল ও উদ্ভাবনী স্টার্টআপ বা নতুন উদ্যোগে যৌথভাবে কাজ করবে এসএমই ফাউন্ডেশন ও স্টার্টআপ বাংলাদেশ। সরকারি এই দু'টি সংস্থা দেশের শিক্ষিত যুব সমাজ বিশেষতঃ প্রযুক্তি ও কারিগরি বিশ্ববিদ্যালয় থেকে সদ্য পাশ করা শিক্ষার্থীদের সৃজনশীল ও উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী করে তোলা, এক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য প্রদান, সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ, নীতি সহায়তা ও প্রযোজ্য ক্ষেত্রে অর্থায়নের ব্যবস্থা করবে। এসব কার্যক্রম বাস্তবায়নে যৌথ কর্মসূচি গ্রহণের লক্ষ্যে ০৩ এপ্রিল ২০২৩ আইসিটি বিভাগে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং স্টার্টআপ বাংলাদেশের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক সামি আহমেদ সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মো. সামসুল আরেফিন। অনুষ্ঠানে জানানো হয়, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও বেকারত্ব দূরীকরণে এসএমই খাতের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, বাজার সংযোগ, প্রযুক্তি সহায়তা ও অর্থায়নের সুযোগ সৃষ্টিসহ নানা কর্মসূচি বাস্তবায়ন করছে। নতুন উদ্যোক্তা সৃষ্টিও ফাউন্ডেশনের অন্যতম কাজ। বর্তমান প্রেক্ষাপটে 'স্টার্টআপ' নতুন উদ্যোক্তা সৃষ্টির একটি অন্যতম মাধ্যম। সাম্প্রতিক সময়ে বাংলাদেশের তরুণ সমাজ বিশেষতঃ শিক্ষিত যুব সমাজ ব্যাপক হারে নতুন উদ্যোগ ও স্টার্টআপের দিকে ঝুঁকছে।

## ট্রাস্ট ব্যাংকের সাথে এসএমই ফাউন্ডেশনের চুক্তি স্বাক্ষর




সারা দেশের এসএমই উদ্যোক্তাসহ পার্বত্য ৩ জেলার অ্যাগ্রো প্রসেসিং, ফার্নিচার ও রাবার খাতের উদ্যোক্তা এবং নারী-উদ্যোক্তাদের মাত্র ৪ % সুদে জামানতবিহীন ঋণ দেবে এসএমই ফাউন্ডেশন। ০৪ এপ্রিল ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে এই বিষয়ে ট্রাস্ট ব্যাংকের সাথে চুক্তি স্বাক্ষর করে এসএমই ফাউন্ডেশন। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং ট্রাস্ট ব্যাংকের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক হুমায়রা আজম চুক্তিতে স্বাক্ষর করেন। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ এবং মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, ফারজানা খান ও মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। অনুষ্ঠানে জানানো হয়, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ট্রাস্ট ব্যাংকের ব্রাঞ্চ নেটওয়ার্কিং ভালো, যা উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণে সহায়ক হবে। তাই সমঝোতা স্মারকের আওতায় সারা দেশের এসএমই এবং নারী-উদ্যোক্তার পাশাপাশি পার্বত্য চট্টগ্রামের ৩টি জেলার বিদ্যমান অ্যাগ্রো-প্রসেসিং, ফার্নিচার ও রাবার প্রসেসিং খাতের উদ্যোক্তাদের ঋণ দেবে ট্রাস্ট ব্যাংক। উল্লেখ্য, ১৯টি অংশীদার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সারা দেশের এসএমই উদ্যোক্তাদের মাঝে অর্থায়ন কার্যক্রম পরিচালনা করছে এসএমই ফাউন্ডেশন। ইতোমধ্যে সরকারের প্রণোদনা প্যাকেজের ৩০০ কোটি টাকা বিতরণের পর প্রত্যাবর্তনকৃত ও ফাউন্ডেশনের নিজস্ব অর্থের সমন্বয়ে গঠিত 'রিভলভিং তহবিল' থেকে ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

## চট্টগ্রামে 'বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ এবং সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে অর্থায়ন' কর্মসূচি



০৪ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি(সিডাব্লিউসিসিআই)-এর উদ্যোগে এবং বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কার্যালয়ের সহযোগিতায় 'বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ এবং সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে ব্যাংকসহ বিকল্প অর্থায়ন' কর্মসূচি অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিডাব্লিউসিসিআই সভাপতি (ইন-চার্জ) আবিদা মোস্তফা। বিশেষ অতিথি ছিলেন ইউনিভার্সিটি অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (ইউএসটিসি)-এর উপ-উপাচার্য অধ্যাপক ড. নওশাদ আমিন, শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটরের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মশিউল হক এবং বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কার্যালয়ের পরিচালক মোহা. নুরুল আলম। অনুষ্ঠানে অংশগ্রহণকারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়, ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়, চিটাগং ইন্ডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (ইউএসটিসি), সাউদার্ন বিশ্ববিদ্যালয়, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি চিটাগং, এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম বিজিএমইএ ইনস্টিটিউট অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজিসহ ১১টি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/অনুষদের দুই শতাধিক শিক্ষার্থীকে উদ্যোক্তা হতে উদ্বুদ্ধকরণ, সৃজনশীল ব্যবসা ধারণা ও স্টার্টআপ বিকাশে সেশন অনুষ্ঠিত হয়। সেশনে আলোচক ছিলেন ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি'র এসএমই বিভাগের প্রধান মো. মোহসিনুর রহমান, স্টার্টআপ চট্টগ্রাম-এর প্রধান নির্বাহী আরফাতুল ইসলাম আকিব এবং তরুণ নারী-উদ্যোক্তা কৃষ্টি বুটিকের স্বত্বাধিকারী নুজহাত নুয়েরি কৃষ্টি। সেশনে শিক্ষার্থীদের সৃজনশীল ও উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী করা, উদ্যোগ গ্রহণে প্রয়োজনীয় তথ্য প্রদান, উদ্যোক্তা হতে প্রশিক্ষণ নিয়ে আলোচনা হয় এবং আলোচকবৃন্দ শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেন।

## রংপুর ও দিনাজপুরে 'Online Business Operation and Financial Literacy' প্রশিক্ষণ



অনলাইন ব্যবসায় নিয়োজিত নারী-উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি ও প্রয়োজনীয় ঋণ প্রাপ্তির পথ সুগম করার লক্ষ্যে কাজ করছে এসএমই ফাউন্ডেশন ও আইডিএলসি ফাইন্যান্স। এরই ধারাবাহিকতায় নারী-উদ্যোক্তাদের জন্য রংপুরে ১২-১৮ জুন ২০২৩ এবং দিনাজপুরে ১৩-১৫ জুন ২০২৩ 'Online Business Operation and Financial Literacy' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মাদ মাসুদুর রহমান, মহিলা বিষয়ক অধিদপ্তর রংপুর কার্যালয়ের উপপরিচালক কাওসার পারভীন, আইডিএলসি'র রংপুর ব্রাঞ্চ ম্যানেজার মো. মিজানুর রহমান, দিনাজপুর ব্রাঞ্চ ম্যানেজার মাসুদ সরকার, দিনাজপুর উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি জান্নাতুস সাফা শাহিনুর এবং নারী-উদ্যোক্তা সংগঠক নাফিসা সুলতানা উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করেন। প্রশিক্ষণে ৭০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে চট্টগ্রাম অঞ্চলের ব্যাংকার ও উদ্যোক্তাদের ভূমিকা' সেমিনার




০৪ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র উদ্যোগে এবং বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কার্যালয়ের সহযোগিতায় 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আর্থিক খাতে চট্টগ্রাম অঞ্চলের ব্যাংকার ও উদ্যোক্তাদের ভূমিকা' সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম কার্যালয়ের নির্বাহী পরিচালক এবিএম জহুরুল হুদা। বিশেষ অতিথি ছিলেন চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট (ইন-চার্জ) আবিদা মোস্তফা। মূল প্রবন্ধের উপর আলোচনা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জামাল উদ্দিন এবং মার্কেন্টাইল ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মো. জাকির হোসাইন। উন্মুক্ত আলোচনায় আরো অংশগ্রহণ করেন বুরো বাংলাদেশ, চট্টগ্রাম এর প্রধান, তথ্য ও প্রযুক্তি বিভাগ, চট্টগ্রামের প্রতিনিধি, উদ্যোক্তা প্রতিনিধি এবং এসএমই ক্লাস্টার নেতৃবৃন্দ। সেমিনারে বক্তারা বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ব্যাংকার এবং উদ্যোক্তা উভয় পক্ষকেই স্মার্ট হতে হবে। এজন্য আর্থিক প্রতিষ্ঠানগুলোকে তাঁদের সেবাসমূহ প্রযুক্তি নির্ভর ও সহজলভ্য করে উদ্যোক্তাদের মধ্যে পৌঁছে দিতে হবে। সেমিনারে চট্টগ্রামের উদ্যোক্তা উন্নয়নমূলক প্রতিষ্ঠান, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, উদ্যোক্তা, নাগরিক সমাজ, গণমাধ্যম ও এনজিও প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

## 'Online Business operation and Financial Literacy for Women Entrepreneurs' প্রশিক্ষণ



এসএমই ফাউন্ডেশন এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের উদ্যোগে ২১-২৩ মে ২০২৩ চট্টগ্রামে 'Online Business operation and Financial Literacy for Women Entrepreneurs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সহায়তায় প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের পরিচালক এবং চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি মনোয়ারা হাকিম আলী। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন CWCCI-এর সিনিয়র সহসভাপতি আবিদা মুস্তাফা, পরিচালক নুজহাত নুয়েরী কৃষ্টি এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের হেড অব বিজনেস ব্যাংকিং প্রোডাক্ট মিশায়েল আবু ইমাম, যুব উন্নয়ন অধিদপ্তরের চট্টগ্রাম জেলা কর্মকর্তা মুহাম্মদ জাহান উদ্দিন এবং প্রশিক্ষক নাজনীন নাহার। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

## এসএমই প্রতিষ্ঠানে 'কাইজেন' বাস্তবায়ন

এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে 'কাইজেন' বাস্তবায়ন করে আসছে। এই লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে 'Technical Assistance for Productivity and Quality Improvement in SMEs through KAIZEN' কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থবছরে গ্রিন টাইগার ইলেকট্রিক ভেহিক্যাল, শাবাব লেদার, সুইস বায়োহাইজনিক ইকুইপমেন্ট, হাতিম পলিমার, হ্যান্ড টাচ, গ্রিন ডট, আলীম ইন্ডাস্ট্রিজ, আর্টিসান ক্রাফট (বিডি), ফায়ার ফ্লাই ইলেকট্রিক এবং এশিয়ান টুলস-১০টি প্রতিষ্ঠানকে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়।

## ‘আধুনিক প্রযুক্তি ও কারিগরি ডেমনস্ট্রেশন’ কর্মশালা ও এক্সপোজার ভিজিট



১০-১১ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সিরাজগঞ্জের শাহজাদপুর হ্যান্ডলুম ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘কারিগরি ও প্রযুক্তিগত আধুনিকায়ন ডেমনস্ট্রেশন’ কর্মশালা ও এক্সপোজার ভিজিট আয়োজন করা হয়। এক্সপোজার ভিজিটে উদ্যোক্তা-প্রতিনিধি, সেক্টর বিশেষজ্ঞ ও অন্যান্য অংশীজন টেক্সটাইল খাতের তিনটি ফ্যাক্টরি- গাজীপুরের শ্রীপুরের নোমান টেক্সটাইল মিলস, ইভিন্স টেক্সটাইল ও নোমান উইভিং মিলস সরেজমিন পরিদর্শন করেন। এসময় উদ্যোক্তাদেরকে আধুনিক ইয়ার্ন সাইজিং, ব্লিচিং, সেকশনাল ওয়ার্পিং, ইয়ার্ন ডায়িং, পাওয়ার লুমে ফল্ট ফ্রি ফেব্রিক উৎপাদন, ওয়েস্টেজ (ওয়েফট ইয়ার্ন) ম্যানেজমেন্ট, ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট বিষয়ে ধারণা প্রদান করা হয়। এক্সপোজার ভিজিট শেষে ১১ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে মতবিনিময় ও সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। উপস্থিত ছিলেন বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মো. জাওয়াদ ইবনে আমিন, মো. মোতাকাব্বির হাসান তমাল এবং মো. হাবিবুল্লাহ সামসুদ্দিন, সেলস অ্যান্ড সার্ভিস ম্যানেজার, উইভিং, গ্রজ-বেকার্ট সিঙ্গাপুর পিটিই, বাংলাদেশ লিয়াজোঁ অফিস।

## চামড়াজাত পণ্যের প্রসার ও মানোন্নয়নে ‘আধুনিক প্রযুক্তি ও কারিগরি ডেমনস্ট্রেশন’ কর্মশালা



২২-২৩ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চামড়াজাত পণ্য উৎপাদনকারী শিল্পোদ্যোক্তাদের জন্য ‘চামড়াজাত পণ্যের প্রসার ও মানোন্নয়নে ‘আধুনিক প্রযুক্তি ও ডেমনস্ট্রেশন’ কর্মশালা আয়োজন করা হয়। ২২ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন এবং কর্মশালা উদ্বোধন করেন। কর্মশালায় চামড়াজাত পণ্য তৈরিতে ব্যবহৃত আধুনিক মেশিন ও প্রযুক্তি ডেমনস্ট্রেশন করা হয়। কর্মশালার আওতায় উদ্যোক্তাগণ ৩টি এসএমই প্রতিষ্ঠান শাবাব লেদার, কারিগর এবং লেদারিনা পরিদর্শন করেন। এছাড়া শতভাগ রপ্তানি নির্ভর প্রতিষ্ঠান এসেন্সার ফুটওয়্যার অ্যান্ড লেদার প্রোডাক্টস পরিদর্শন করে আধুনিক যন্ত্রপাতি এবং তার ব্যবহার সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয় এবং সংশ্লিষ্ট মেশিন আমদানিকারক এবং সরবরাহকারী প্রতিষ্ঠান এন এম ইমপেক্স অ্যান্ড মেশিনারি পরিদর্শন করা হয়। ফলে অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ চামড়াজাত পণ্য তৈরিতে ব্যবহৃত প্রয়োজনীয় মেশিন সম্পর্কে বিস্তারিত জানতে পারেন।

## Food Safety Management System (FSMS) ISO-22000 বাস্তবায়ন

এসএমই খাতের খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানসমূহে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের উদ্দেশ্যে ২০২২-২৩ অর্থবছরে Technical Assistance for Safe Food Production in SMEs: ISO 22000 Implementation Assistance কর্মসূচি গ্রহণ করে এসএমই ফাউন্ডেশন। কর্মসূচির আওতায় ১১টি প্রতিষ্ঠানে Food Safety Management System (FSMS) ISO-22000 বাস্তবায়ন চলমান রয়েছে। মে-জুন ২০২৩-এ এসব প্রতিষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে অডিট পরিচালনা করা হয়।এসএমই ফাউন্ডেশনের নিয়োগকৃত পরামর্শকগণ এসব প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীগণকে ISO 22000 প্রশিক্ষণ প্রদান, ট্রেসেবিলিটি নিশ্চিতকরণে ডকুমেন্টশন তৈরি ও অনুশীলন, ইন্টারনাল অডিট বিষয়ে পরামর্শ ও সহযোগিতা প্রদান করেন। বর্তমানে ফাউন্ডেশনের পরামর্শ সেবায় ব্রিয়শ প্যাটিসেরি, সলিড ফুড প্রোডাক্টস, মেরিনারস ফুড অ্যান্ড অ্যাগ্রো, মেসার্স হাসান ফুড, ফাহমিদা কনজ্যুমার প্রোডাক্টস, বুশরা অ্যাগ্রো অ্যান্ড জুট ইন্ডাস্ট্রিজ, ইমিন্যান্ট এগ্রি ইন্ডাস্ট্রিজ, আশা ফুড, আলাউদ্দীন অ্যাগ্রো ফুড প্রোডাক্টস, ফৌজিয়া হেলদি ফুড প্রোডাক্টস, খাস ফুড- ১১টি শিল্প প্রতিষ্ঠানে ISO 22000 বাস্তবায়নের কাজ চলমান রয়েছে।

## আন্তর্জাতিক এমএসএমই দিবস ২০২৩ উদযাপন

শোভন কর্মসংস্থান সৃষ্টি এবং জীবনযাত্রার মানোন্নয়নে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি খাতকে আরো এগিয়ে নেয়ার লক্ষ্যে ২০১৭ সালে জাতিসংঘ ২৭ জুনকে ‘আন্তর্জাতিক এমএসএমই দিবস’ ঘোষণা করে। এ বছর সারা বিশ্বে সপ্তমবারের মত দিবসটি পালিত হয়। এবারের প্রতিপাদ্য ছিল ‘Galvanizing MSMEs worldwide by supporting women and youth entrepreneurship and resilient supply chains.’ এসএমই ফাউন্ডেশন অন্যান্য বারের মত এবছরও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ‘আন্তর্জাতিক এসএমই দিবস ২০২৩’ উদযাপন করে। এ উপলক্ষ্যে টেলিটক, গ্রামীণফোন, বাংলালিংক এবং রবি মোবাইল অপারেটরসমূহের মাধ্যমে উদ্যোক্তাদের শুভেচ্ছা জানিয়ে এসএমএস প্রেরণ করা হয়। এছাড়া আন্তর্জাতিক এসএমই দিবস ২০২৩ উপলক্ষ্যে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তর সংস্থার ওয়েবসাইটে ২৭ জুন ২০২৩ শুভেচ্ছা বার্তা এবং ০৫ টি জাতীয় দৈনিক পত্রিকায় এসএমই খাতের উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্দীপনামূলক বক্তব্যসহ শুভেচ্ছা বার্তা প্রকাশিত হয়। এছাড়া বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকা, অনলাইন নিউজপোর্টাল ও টেলিভিশনে আন্তর্জাতিক এমএসএমই দিবস উপলক্ষ্যে ফাউন্ডেশনের চেয়ারপার্সন, পরিচালক পর্ষদ সদস্যবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালকের বিশেষ সাক্ষাৎকার প্রকাশিত হয় এবং টকশো প্রচারিত হয়।

## শুদ্ধাচার পুরস্কার ২০২৩



সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১’ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। এসএমই ফাউন্ডেশনেও গত কয়েক বছর ধরে বিভিন্ন মূল্যায়ন সূচক অনুযায়ী যাচাই বাছাই করে এ পুরস্কার প্রদান করা হচ্ছে। ২১ জুন ২০২৩ ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ১০৩তম মাসিক সমন্বয় সভায় ‘শুদ্ধাচার পুরস্কার ২০২৩’ ঘোষণা করা হয়। এ বছর ফাউন্ডেশনের ৩জন কর্মকর্তা-কর্মচারী-সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান, উপব্যবস্থাপক সানজিদা সুলতানা এবং অফিস সহায়ক কামাল খাঁন এ পুরস্কার অর্জন করেন। বিজয়ী কর্মকর্তা-কর্মচারীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করা হয়।

## ‘Industrial Internet of Things (IIoT): Application in SME’ কর্মশালা





৩০ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং এসপায়ার টু ইনোভেট (এটুআই)-এর কারিগরি সহযোগিতায় কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ (কেআইবি), ঢাকায় ‘Industrial Internet of Things (IIoT): Application in SME’ ডেমনস্ট্রেশন কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (ইন-চার্জ) সালাহ উদ্দিন মাহমুদের সভাপতিত্বে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এটুআই-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর এবং বিশেষ অতিথি ছিলেন আবু সালেহ মো. মাহফুজুল আলম, বিশেষজ্ঞ-৪র্থ শিল্পবিপ্লব (উপসচিব)। কর্মশালায় জাতীয় পর্যায়ে ৪র্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট কার্যক্রম ও সমন্বয়, ৪র্থ শিল্প বিপ্লব ও উদীয়মান প্রযুক্তি, ইন্টারনেট অব থিংস্ (আইওটি) বাস্তবায়নে অংশীজনের ভূমিকা ও প্রাথমিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ে এটুআই-এর পক্ষ হতে উপস্থাপনা প্রদান করা হয়। এছাড়া আইওটি প্রযুক্তি, এর সুফল ও প্রয়োগক্ষেত্র, সংশ্লিষ্ট সরঞ্জাম ও উপকরণ, কাস্টমাইজেশন, বাস্তবায়ন এবং দেশীয় সফল উদ্যোগ সম্পর্কে ডেমনস্ট্রেশন প্রদান করে Bondstein ও Aqualink Bangladesh। কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ, হালকা প্রকৌশল, চামড়াজাত ও ফুটওয়্যার, প্লাস্টিক, পাটজাত, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, আইটি ও আইটিইএস, কারু ও হস্তশিল্প খাতের উদ্যোক্তা-প্রতিনিধি, সেক্টর বিশেষজ্ঞ, গবেষক ও অন্যান্য অংশীজনসহ ৪২জন কর্মশালায় অংশগ্রহণ করেন।

## নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য
# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলের চাহিদার প্রেক্ষিতে নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। ২০২২-২৩ অর্থবছরে দক্ষতা উন্নয়নে ৭০টি, ব্যবসা ব্যবস্থাপনায় ৩৬টি, আইসিটি বিষয়ে ৩০টিসহ ১৪৪টি প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন ৪৩০১জন এসএমই উদ্যোক্তা। এপ্রিল-জুন ২০২৩ -এ এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত ২৫টি প্রশিক্ষণে ৭৪১জন উদ্যোক্তা-প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উল্লেখযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

## 'ফ্যাশন ডিজাইন' প্রশিক্ষণ




এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে, ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন, ঢাকায় ২০-২৫ মে ২০২৩ এবং ১৭-২২ জুন ২০২৩ সময়ে অনুষ্ঠিত হয় 'Working with Fashion Design (Phase-I)' প্রশিক্ষণ। প্রশিক্ষণ দুইটিতে প্রধান রিসোর্সপার্সন হিসেবে দায়িত্ব পালন করেন দেশের স্বনামধন্য ডিজাইনার চন্দ্র শেখর সাহা । প্রশিক্ষণ দুইটিতে মোট ৬৩ জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন এবং অংশগ্রহণকারী প্রত্যেক উদ্যোক্তা একটি করে পোর্টফোলিও তৈরি করেন। উদ্যোক্তাগণ পোর্টফোলিও তৈরির মাধ্যমে পোশাক ডিজাইনের ক্ষেত্রে পোশাকের কালার, ইলাস্ট্রেশন, সারফেস অর্নামেন্টেশন, মার্কেট স্টাডি বিভিন্ন বিষয়ে দক্ষতা ও সক্ষমতা অর্জন করেন। উল্লেখ্য, ফ্যাশন ডিজাইন একটি সৃজনশীল ও প্রতিযোগিতামূলক পেশা। বর্তমান সময়ে অর্থনৈতিক খাতে গুরুত্বপূর্ণ অবদান পোশাক শিল্পের। বাংলাদেশের পোশাক, ডিজাইন ও ফ্যাশন-ওয়্যার খাতে জড়িত এসএমই উদ্যোক্তাগণকে পোশাকে নান্দনিকতা ও শৈল্পিকতা তুলে ধরার কলা-কৌশল শেখানোর লক্ষ্যে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের এই উদ্যোগ। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সম্মানিত উপব্যবস্থাপনা পরিচালক জনাব সালাহ উদ্দিন মাহমুদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

## 'দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণ

১৪-১৮ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'প্যাটার্ন তৈরি ও সেলাই কৌশল' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে বডি মেজারমেন্ট নেয়া, প্যাটার্ন তৈরি ও বিভিন্ন প্যাটার্নের সেলাই কৌশল শেখানো হয়। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন। প্রশিক্ষণে ৩১জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## কাঁঠাল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াকরণে 'আধুনিক প্রযুক্তি ও কারিগরি ডেমনস্ট্রেশন' কর্মশালা



২৮-২৯ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পোস্ট হারভেস্ট টেকনোলজি ডিভিশনে 'কাঁঠাল সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াকরণ পদ্ধতি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় কাঁঠালের অপচয় রোধ এবং বহুমুখী ব্যবহারের উদ্দেশ্যে কাঁঠাল হতে চিপস, আচার, ফ্রেশ কাট, ভেজিটেবল মিট, অসমোটিক ডিহাইড্রেটেড প্রোডাক্ট, রেডি টু কুক পণ্য প্রস্তুতকরণ এবং মোড়কজাতকরণ সম্পর্কে তাত্ত্বিক ধারণা ও ডেমনস্ট্রেশন প্রদান করা হয়। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের পোস্ট হারভেস্ট টেকনোলজি ডিভিশনের বিজ্ঞানীগণ। কর্মশালায় ৩২জন উদ্যোক্তা, নতুন উদোক্তা ও খামারী অংশগ্রহণ করেন।

## 'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

এপ্রিল-জুন ২০২৩-এ 'নতুন ব্যবসা সৃষ্টি' দু'টি প্রশিক্ষণ আয়োজন করা হয়। ১৪-১৮ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং IDEB Industrial & Entrepreneurs Development Engineers Association (IIEDEA)-এর সহযোগিতায় ঢাকায় IDEB ভবন মিলনায়তনে 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ। উপস্থিত ছিলেন আইডিইবি সভাপতি এ কে এম এ হামিদ এবং এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।



০৪-০৮ জুন ২০২৩ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে 'নতুন ব্যবসা সৃষ্টি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান।

## 'ফাইন্যান্সিয়াল লিটারেসি' প্রশিক্ষণ

এসএমই খাতে ঋণ সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে সরকার, বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন নীতিমালা, সার্কুলার, প্রকাশনা, কর্মসূচি এবং এসএমই ঋণ পাওয়ার পদ্ধতি সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২৬-২৭ এপ্রিল ২০২৩ 'ফাইনান্সিয়াল লিটারেসি ফর এসএমই অন্ট্রাপ্রিনিউরস' প্রশিক্ষণ আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বান্দরবান উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সহযোগিতায় বান্দরবানে আয়োজিত প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের সাধারণ পর্ষদ সদস্য এবং বান্দরবান উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি লালসানি লুসাই। রিসোর্স পার্সন ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপক সাজু বড়ুয়া।

## চট্টগ্রামে 'Financial Literacy for Women Entrepreneurs' প্রশিক্ষণ



১৭ ও ১৮ মে, ২০২৩ চট্টগ্রামে 'Financial Literacy for Women Entrepreneurs' দু'টি প্রশিক্ষণ আয়োজন করা হয়। চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সহায়তায় আয়োজিত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি আবিদা মুস্তফা, এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মো. নাজমুল ইসলাম, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ডিরেক্টর আইনী ইসলাম এবং প্রোগ্রাম ম্যানাজার ইজলাল হুসাইন। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন ব্র্যাক ব্যাংকের চট্টগ্রাম অঞ্চলের রিজিওনাল ম্যানেজার মিজানুর রহমান, ট্রাস্ট ব্যাংকের চট্টগ্রাম শাখার এসএভিপি রুমানা হায়াত, মাইডাস ফাইন্যান্সের ব্রাঞ্চ প্রধান মো. রহিম উল্লাহ, এজিএম লিমিটেড এবং আইডিএলসি ফাইন্যান্সের ক্লাস্টার হেড মো. মোশাররফ হোসাইন। প্রশিক্ষণে নারী-উদ্যোক্তাদের জন্য বাংলাদেশ ব্যাংকের বিশেষ নির্দেশনাসমূহ ও ব্যাংকের উদ্যোগ, ঋণ গ্রহণে আবশ্যক যোগ্যতা ও নথিপত্র, ব্যবসায়িক ঋণ গ্রহনের পূর্ব প্রস্তুতির বিষয়সমূহ, ব্যবসায়িক ঋণ গ্রহণের পরবর্তিতে করণীয় ইত্যাদি বিয়য়ে বিস্তারিত আলোচনা করা হয়।

## ‘আইসিটি দক্ষতা উন্নয়ন’ প্রশিক্ষণ




এসএমই উদ্যোক্তাদের জন্য এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এপ্রিল-জুন ২০২৩-এ ঢাকা, হবিগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী ও বরগুনায় ‘ই-কমার্স ফর এসএমইজ’, ‘সোস্যাল কমার্স ফর এসএমইজ’ ও ‘ডিজিটাল মার্কেটিং’ বিষয়ে ৮টি প্রশিক্ষণে ১৬০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

০২-০৩ এপ্রিল ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও নেত্রকোনা জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা প্রশাসনের কম্পিউটার ল্যাবে ‘সোস্যাল-কমার্স ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধন করেন জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিস। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) অনিমেষ সোম, ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মো. আরিফুল ইসলাম, বিসিক ও যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ। প্রশিক্ষণে সোস্যাল প্ল্যাটফর্ম ব্যবহার করে ব্যবসা পরিচালনা সম্পর্কে উদ্যোক্তাদেরকে অবহিত করা হয়।



২৬-২৭ এপ্রিল ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘E-Commerce for SMEs’ প্রশিক্ষণ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

০৭-০৮ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং নীলফামারী জেলা প্রশাসনের সহযোগিতায় টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি)-এর কম্পিউটার ল্যাবে ‘সোস্যাল কমার্স ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সরকার মোহাম্মদ রায়হান, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি)-এর অধ্যক্ষ মো. জিয়াউর রহমান ও সহকারী কমিশনার মো. সাইফুল ইসলাম।

১৭-১৮ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং মেটা (ফেসবুক)-এর সহযোগিতায় ‘Social Commerce for SMEs’ প্রশিক্ষণ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

২৪-২৫ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘ডিজিটাল মার্কেটিং’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ডিজিটাল মার্কেটিং সম্পর্কে উদ্যোক্তাদেরকে ব্যবহারিক ধারণা প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ।



১৮-১৯ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘সোস্যাল কমার্স ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সোস্যাল কমার্স সম্পর্কে এসএমই উদ্যোক্তাদেরকে ধারণা প্রদান করা হয়। সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার।

২১-২২ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও বরগুনা জেলা প্রশাসনের সহযোগিতায় ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বরগুনা জেলা স্কুলের প্রধান শিক্ষক আব্দুল মজিদ মিয়া।

## ‘ক্লাস্টার উন্নয়ন’ প্রশিক্ষণ



এপ্রিল-জুন ২০২৩-এ ঝালকাঠি, বগুড়া, জামালপুর, চট্টগ্রাম, কুষ্টিয়া, নরসিংদীতে আয়োজিত ৬টি প্রশিক্ষণে ১৭০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

২৩-২৭ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বগুড়ার শাঁওইল তাঁত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘পণ্যের মানোন্নয়নে আধুনিকায়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের মানোন্নয়ন এবং সময়ের চাহিদানুযায়ী বিভিন্ন ডিজাইনের পণ্য উৎপাদনে ক্লাস্টার উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

২৭-২৮ মে ২০২৩ জামালপুর নকশীকাঁথা ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজিত হয়। প্রশিক্ষণে ডিজিটাল মার্কেটিং সম্পর্কে উদ্যোক্তাদেরকে ব্যবহারিক জ্ঞান প্রদান করা হয়।

২৯-৩১ মে ২০২৩ চট্টগ্রামের পূর্ব-মাদারবাড়ি ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘Recycling of Raw Materials and Wastage’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মোহাম্মদ দেলোয়ার হোসেন উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন। প্রশিক্ষণে উদ্যোক্তাগণ চামড়ার কাঁচামাল ও বর্জ্যের পুনঃব্যবহার সম্পর্কে ধারণা লাভ করেন।




১৬-২০ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কুষ্টিয়ার কুমারখালী টেক্সটাইল ক্লাস্টারের উদ্যোক্তাদেরকে গ্রাফিক্স ডিজাইন বিষয়ে প্রশিক্ষিত করে তোলার লক্ষ্যে ‘Graphics Design for Product Development’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তাদেরকে কম্পিউটারে ডিজাইন শিখিয়ে তাঁদের দিয়ে নতুন ডিজাইন করে নেয়া হয়। সমাপনী অনুষ্ঠানে কুমারখালীর মেয়র শামসুজ্জামান অরুণ এবং উপজেলা নির্বাহী অফিসার বিতান কুমার মন্ডল উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন। এসময় মেয়র শামসুজ্জামান অরুণ কুমারখালী ক্লাস্টারের উদ্যোক্তাদের সহায়তার উদ্দেশ্যে একটি আধুনিক ডিজাইন সেন্টার স্থাপনের জন্য পৌরসভার একটা কক্ষ ও ৫টি কম্পিউটারের ব্যবস্থা করে দেওয়ার প্রতিশ্রুতি দেন।

১৬-১৮ জুন ২০২৩ নরসিংদীর টেক্সটাইল মিলস ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘পণ্যের বাজারজাতকরণ কলাকৌশল ও টেকসই উন্নয়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ক্লাস্টারটিতে ১৪৬টি টেক্সটাইল মিল রয়েছে যেখানে প্রায় ১৮ হাজার নারী-পুরুষ কাজ করেন। ক্লাস্টারটিতে মূলতঃ আনস্টিচড কাপড় উৎপাদন করা হয়। গ্রে ইয়ার্ন, সিন্থেটিক ফাইবার কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। উদ্যোক্তাদের তৈরিকৃত পণ্যের সঠিক ও আধুনিক বাজারজাতকরণের কলাকৌশল জ্ঞান বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘আইসিটি ব্যবহারে দক্ষতা উন্নয়ন’ কর্মশালা



এসএমই খাতের সার্বিক উন্নয়নের জন্য অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের দক্ষতা বৃদ্ধি কার্যক্রমের ধারাবাহিকতায় ১০-১১ জুন ২০২৩ ঢাকায় এবং ২৪-২৫ মে ২০২৩ নাটোরে আইসিটি দক্ষতা উন্নয়নে ২টি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারীদেরকে অ্যাসোসিয়েশনের অফিস ব্যবস্থাপনায় আইসিটি টুলস ব্যবহার, উদ্যোক্তাদের ব্যবসা অনলাইনে অন্তর্ভুক্তকরণের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা হয়।

## ট্রেডবডি/চেম্বারসমূহের সহযোগিতায় বাস্তবায়িত প্রশিক্ষণসমূহ



চট্টগ্রামে 'প্রশিক্ষকদের প্রশিক্ষণ' -এ প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান

উদ্যোক্তা/ট্রেডবডি/অ্যাসোসিয়েশন/চেম্বার/স্টেকহোল্ডারদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের জ্ঞান ও দক্ষতার পরিবর্তন আনয়ন এবং তা ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনায় যথাযথভাবে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ও সার্বিকভাবে এসএমই খাতের বিকাশে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। এসএমই খাতের বিকাশকে বেগবান করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বিভিন্ন ট্রেডবডিজ, অ্যাসোসিয়েশন ও চেম্বারের সহযোগিতায় এপ্রিল-জুন ২০২৩-এ সিলেট, ফরিদপুর ও চট্টগ্রামে ৩টি প্রশিক্ষণে ৯০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণসমূহের তালিকা নিম্নে উল্লেখ করা হলো :

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | সহযোগী প্রতিষ্ঠান | ভেন্যু | তারিখ |
|---|---|---|---|---|
| ১ | Diversified Jute Products Preparation | নারী উন্নয়ন ফোরাম, ফরিদপুর | ফরিদপুর | ২০-২৪ মে ২০২৩ |
| ২ | Different Types of Sweets Preparation | সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (SWCCI) | সিলেট | ২৭-৩১ মে ২০২৩ |
| ৩ | ToT program on Business Management | চিটাগাং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (CWCCI) | চট্টগ্রাম | ২৯ মে-০২ জুন ২০২৩ |

২৯ মে-০২ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রিজ (সিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় চট্টগ্রামে 'প্রশিক্ষকদের প্রশিক্ষণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য এবং সিডব্লিউসিসিআই-এর সভাপতি মনোয়ারা হাকিম আলী।

২৭-৩১ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সহযোগিতায় 'সুস্বাদু রকমারি মিষ্টান্ন প্রস্তুতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে প্রায় ১৫ ধরনের সুস্বাদু মিষ্টি তৈরির প্রক্রিয়া হাতে-কলমে শেখানো হয়।

## 'এসএমই উদ্যোক্তাদের ক্যাপিটাল মার্কেট থেকে মূলধন সংগ্রহের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি' কর্মশালা




১২ জুন ২০২৩ ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে এসএমই ফাউন্ডেশন এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর উদ্যোগে 'এসএমই উদ্যোক্তাদের ক্যাপিটাল মার্কেট থেকে মূলধন সংগ্রহের লক্ষ্যে সচেতনতা সৃষ্টি' কর্মশালা আয়োজিত হয়। কর্মশালা উদ্বোধন করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) সালাহ উদ্দিন মাহমুদ। কর্মশালায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, ডিএসই'এর সিনিয়র মহাব্যবস্থাপক মো. ছামিউল ইসলাম। উল্লেখ্য, ৩০ সেপ্টেম্বর ২০২১ ঢাকা স্টক এক্সচেঞ্জ নতুন প্লাটফর্ম হিসেবে 'SME প্লাটফর্ম' নামে নতুন মার্কেটের যাত্রা শুরু করে। দেশের ক্ষুদ্র এবং মাঝারি প্রতিষ্ঠানের উদ্যোক্তাগণ এই 'SME প্লাটফর্ম' থেকে মূলধন সংগ্রহ করে ব্যবসা পরিচালনা ও সম্প্রসারণ করতে পারবেন। শেয়ার বাজারে তালিকাভুক্ত হতে আগ্রহী এসএমই প্রতিষ্ঠানসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য সরবরাহ, প্রস্তুতি ও অ্যাডভোকেসি করার লক্ষ্যে ফাউন্ডেশন এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ এই কর্মসূচি বাস্তবায়ন করবে। ২২ জুন ২০২৩ বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (BASIS)-এর সদস্য উদ্যোক্তাদের ক্যাপিটাল মার্কেটে অন-বোর্ড বিষয়ে সচেতনতামূলক কর্মশালা আয়োজন করা হয়।

## সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য 'ওয়ান স্টপ সেবা কেন্দ্র' হিসেবে বাস্তবায়নের অংশ হিসেবে ইউডিসি উদ্যোক্তাদের জন্য কর্মশালা



১৪-১৫ মে ২০২৩, ০৭-০৮ জুন ২০২৩ এবং ১২-১৩ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশন এবং এটুআই-এর উদ্যোগে সারা দেশের সব ইউনিয়ন/উপজেলা ডিজিটাল সেন্টারকে সিএমএসএমই উদ্যোক্তাদের জন্য 'ওয়ান স্টপ সেবা কেন্দ্র' হিসেবে বাস্তবায়নের অংশ হিসেবে ইউডিসি উদ্যোক্তাদের জন্য ২য়, ৩য় ও ৪র্থ ব্যাচের কর্মশালা আয়োজন করা হয়। এসব ইউডিসিকে দেশের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) উদ্যোক্তাদের জন্য তথ্য, পরামর্শ ও দক্ষতা বৃদ্ধি এবং এ খাতের উদ্যোক্তাদের সহজ অর্থায়নের প্রসারের অংশ হিসেবে 'ওয়ান স্টপ সেবা কেন্দ্র (সার্ভিস পয়েন্ট)' স্থাপন এবং ইউডিসি উদ্যোক্তাদের সক্ষমতা উন্নয়নে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এসপায়ার টু ইনোভেট (এটুআই) এবং এসএমই ফাউন্ডেশন যৌথভাবে কাজ করছে। এর অংশ হিসেবে পাইলট কর্মসূচির আওতায় দেশের সম্ভাবনাময় ৯০জন ইউডিসি উদ্যোক্তাকে নিয়ে তিন ব্যাচে ঢাকার আগারগাঁওয়ে ডাক ভবনের অডিটোরিয়ামে কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার বিভিন্ন ওয়ার্কিং সেশনে সিএমএসএমই খাতের উদ্যোক্তাদের ব্যবসায় সৃষ্টিতে বিজনেস ডকুমেন্টেশন ও ইনফরমেশন সার্ভিস, মার্কেট লিংকেজ ও বিজনেস প্রোফাইল, ডিজিটাল ভিলেজ বুথ (ফিন্যান্সিয়াল সার্ভিস) স্থাপন, আর্থিক অন্তর্ভূক্তি, ডিজিটাল মার্কেটিং, ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধিতে সেবা প্রদান ও ক্লাস্টারভিত্তিক অর্থায়নের প্রসারে ওয়ান স্টপ সেবা কেন্দ্র হিসেবে গড়ে তোলার ওপর সেশন পরিচালিত হয়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা এবং উপব্যবস্থাপক সাজু বড়ুয়া কর্মশালায় সেশন পরিচালনা করেন। এছাড়া বিভিন্ন ওয়ার্কিং সেশনে এনবিআর, বিএসটিআইয়ের কর্মকর্তাগণ ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টের বিভিন্ন সেবা সম্পর্কে ইউডিসি উদ্যোক্তাদের অবহিত করেন। ৪র্থ ব্যাচের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের পরিচালক মির্জা নুরুল গণী শোভন প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন। উপস্থিত ছিলেন ড. দেওয়ান হুমায়ুন কবীর, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ক্ষুদ্র এবং মাঝারি শিল্পের বিকাশে দেশের সব জেলা-উপজেলায় এসএমই পরামর্শ কেন্দ্র স্থাপন করার নির্দেশনা প্রদান করেন।

## বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংকের সাথে এসএমই ফাউন্ডেশনের সভা



সভা শেষে বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ

১১ মে ২০২৩ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের আল্লাহ মালিক কাজেমী সেন্টারে বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের সাথে এসএমই ফাউন্ডেশনের ফাইন্যান্স অ্যান্ড ক্রেডিট সার্ভিসেস বিভাগের সভা অনুষ্ঠিত হয়। সভায় উভয় প্রতিষ্ঠান দেশের এসএমই খাতে অর্থায়ন ত্বরান্বিতকরণে বিভিন্ন ধরনের কর্মসূচি যেমন: ফাইনান্সিয়াল লিটারেসি, উদ্যোক্তা-ব্যাংকার ঋণ ম্যাচমেকিং, ফাইন্যান্সিং ফেয়ার, উদ্যোক্তা-ব্যাংকার সম্মেলন ও এসএমই ব্যাংকিং অ্যাওয়ার্ড যৌথভাবে বাস্তবায়নে সম্মত হয়। সভায় বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের পরিচালক মোহাম্মদ আশিকুর রহমান, এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা উপস্থিত ছিলেন।

১১ মে ২০২৩ সোনালী ব্যাংকের এসএমই বিভাগের সাথে এসএমই ফাউন্ডেশনের সভা অনুষ্ঠিত হয়। দেশের এসএমই খাতে অর্থায়ন ত্বরান্বিতকরণে এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং, উদ্যোক্তাদের ফাইনান্সিয়াল লিটারেসি এবং এসএমই উদ্যোক্তা-ব্যাংকার ঋণ সংযোগকরণ কর্মসূচি বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। সভায় সোনালী ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক পারসোমা আলম উপস্থিত ছিলেন।

## ‘ফ্রিল্যান্সিং হতে উদ্যোক্তা’ প্রশিক্ষণ



বর্তমান সময়টা তথ্য প্রযুক্তির। বিশ্ব এখন হাতের মুঠোয়। বর্তমানে ঘরে বসে যেমন সারা বিশ্বের খোঁজ-খবর রাখা যায়, ঠিক তেমনি ঘরটাও হতে পারে কর্মস্থল। সেটা সম্ভব ফ্রিল্যান্সিংয়ের মাধ্যমে। বর্তমানে ফ্রিল্যান্সিং একটি সম্ভাবনাময় খাত। ফ্রিল্যান্সিং করে ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক পর্যায়ে প্রচুর বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ তৈরি হয়েছে। এই সেক্টরে নিজেদের শক্ত অবস্থান তৈরি করতে সরকারি ও বেসরকারি উদ্যোগে নেয়া হয়েছে নানা পদক্ষেপ। বেকারত্ব দূরীকরণে ফ্রিল্যান্সিং ভালো ভূমিকা পালন করতে পারে সেলক্ষ্যে এসএমই ফাউন্ডেশন ‘ফ্রিল্যান্সিং হতে উদ্যোক্তা’ বিষয়ক ৫ দিনব্যাপি প্রশিক্ষণ ঢাকায় ২৮ মে - ০১ জুন ২০২৩-এ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ফ্রিল্যান্সিং পরিচিতি, গ্রাফিক ডিজাইন ওয়েবসাইট ডিজাইন, কন্টেন রাইটিং এবং সোশ্যাল মিডিয়া বিষয়ে আলোচনা ও ধারণা প্রদান করা হয়।

## চাঁদপুরে ‘ব্যবসায় ব্যবস্থাপনা ও আর্থিক সাক্ষরতা’ প্রশিক্ষণ



এসএমই ফাউন্ডেশন এবং ব্যাংক এশিয়ার উদ্যোগে ৩০ মে-০২ জুন ২০২৩ চাঁদপুরে নারী-উদ্যোক্তাদের জন্য ‘ব্যবসায় ব্যবস্থাপনা ও আর্থিক স্বাক্ষরতা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ০২ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের তত্ত্বাবধানে চাঁদপুরে নারী-উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভা এবং ‘ব্যবসায় ব্যবস্থাপনা ও আর্থিক সাক্ষরতা’ প্রশিক্ষণের সনদপত্র বিতরণ করা হয়। চাঁদপুর সরকারি কলেজের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক (ইনচার্জ) সালাহ উদ্দিন মাহমুদের সভাপতিত্বে সভায় চাঁদপুর পৌরসভা মেয়র জিল্লুর রহমান (জুয়েল), অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোছা. রাশেদা আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার ইয়াসির আরাফাত, চাঁদপুর উইমেন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (প্রস্তাবিত)-এর সভাপতি মনিরা আক্তার এবং এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় নারী-উদ্যোক্তা, সরকারি-বেসরকারি সংস্থার প্রতিনিধি, শিক্ষক ও সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার ৮০জন অতিথি অংশগ্রহণ করেন।

## ‘SME Advisory Service’ ডিজিটাল প্লাটফর্ম

উদ্যোক্তাদের প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশনের পক্ষ থেকে ‘অ্যাডভাইজরি সার্ভিস’ সেবা চলমান রয়েছে। এতোদিন ফাউন্ডেশনের এই সেবা গ্রহণের জন্য উদ্যোক্তা/ভিজিটরদের এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে সরাসরি আসতে হতো, ফলে উদ্যোক্তাদের সময় ও অর্থ ব্যয় হয়। এছাড়া ফাউন্ডেশনের অ্যাডভাইজরি সার্ভিস কার্যক্রমের তথ্য সংরক্ষণ জটিল ও সময় সাপেক্ষ বিষয়। তাই এসএমই ফাউন্ডেশনের অ্যাডভাইজরি সার্ভিস সেবা আরো সহজ করার লক্ষ্যে ফাউন্ডেশনের আইসিটি উইং কর্তৃক ‘SME Advisory Service’ ডিজিটাল প্লাটফর্ম তৈরি করা হয়েছে। প্লাটফর্ম-এর লিঙ্কঃ http://helpdesk.smef.gov.bd। প্লাটফর্মে ভিজিটরগণ নিবন্ধনের মাধ্যমে বিভিন্ন বিষয়ের ওপর প্রশ্ন করতে পারবেন এবং উত্তর পাবেন।

SME Advisory Service ভিজিট করতে QR টি স্ক্যান করতে পারেন

## কক্সবাজারের চকরিয়া ফার্নিচার ক্লাস্টারে ‘কাঠ ট্রিটমেন্ট ও সিজনিং’ কর্মশালা




১৩ এপ্রিল ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চকরিয়ার মৌলভীরকুম বাজারে অবস্থিত চকরিয়া ফার্নিচার ক্লাস্টারের উদ্যোক্তাদের জন্য ‘কাঠ ট্রিটমেন্ট ও সিজনিং’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করেন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের গবেষণা কর্মকর্তা মোজাম্মেল হক চৌধুরী এবং উম্মে কুলসুম রোকেয়া। কর্মশালায় উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া। উল্লেখ্য, ০৪ মার্চ ২০২৩ এসএমই ফাউন্ডেশনের ক্লাস্টার উন্নয়ন কার্যক্রমে সম্প্রতি সংযুক্ত চকরিয়া ফার্নিচার ক্লাস্টার পরিদর্শন করে উন্নয়ন চাহিদা নিরূপণ করা হয়। ইতঃপূর্বে ক্লাস্টারের উদ্যোক্তাগণ সনাতন পদ্ধতিতে কাঠ ট্রিটমেন্ট ও সিজনিং করতো। কর্মশালার মাধ্যমে উদ্যোক্তাগণ আধুনিক পদ্ধতিতে কাঠ ট্রিটমেন্ট ও সিজনিং-এর সক্ষমতা অর্জন করে সিজনিং-এর সময়, কাঠের আর্দ্রতা নিয়ন্ত্রণ এবং অপচয় কমিয়ে আনতে সক্ষম হবে। কর্মশালায় ৩০জন উদ্যোক্তাকে কাঠ সিজনিং ও ট্রিটমেন্ট সম্বন্ধে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## চট্টগ্রামের পূর্ব মাদারবাড়ী পাদুকা শিল্প ক্লাস্টারে ‘আনুষ্ঠানিক ব্যাংকিং বিষয়ে উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভা’



১২ এপ্রিল ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামের পূর্ব মাদারবাড়ী পাদুকা শিল্প ক্লাস্টারে ‘আনুষ্ঠানিক ব্যাংকিং বিষয়ে উদ্বুদ্ধকরণ ও মতবিনিময় সভা’ আয়োজন করা হয়। সভায় ব্র্যাক ব্যাংকের টেরিটোরি ম্যানেজার অলক ময় দেব এবং রিলেশনশিপ অফিসার আদিব চৌধুরী উদ্যোক্তাদের আনুষ্ঠানিক ব্যাংকিং, ব্যবসায়িক হিসাব পরিচালনা ও সংরক্ষণ এবং বাংলাদেশ সরকারের বিশেষায়িত সুবিধার কথা তুলে ধরেন। সভায় উদ্যোক্তাগণ ব্যবসার প্রতিবন্ধকতাসমূহ তুলে ধরেন এবং রিসোর্স পার্সনগণ পরামর্শ প্রদান করেন। এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, চট্টগ্রাম ক্ষুদ্র পাদুকা শিল্প মালিক গ্রুপের সভাপতি মো. মঞ্জুর খানসহ ক্লাস্টারের ৩০জন উদ্যোক্তা সভায় অংশগ্রহণ করেন।

## ‘প্রযুক্তি উন্নয়ন’ প্রশিক্ষণ



০৩-০৯ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নরসিংদীতে ‘বয়লার পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। বয়লার অপারেটরদের দক্ষতা উন্নয়নে আয়োজিত প্রশিক্ষণে ৩০জন অংশগ্রহণকারীকে বয়লারের যথাযথ পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিধান সংশ্লিষ্ট বিষয়ে তাত্ত্বিক, ব্যবহারিক ও ডেমনস্ট্রেশন কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষিত করা হয়।

## কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে সিএফসি স্থাপন চলমান



বাংলাদেশে প্রথমবারের মত শিল্প ক্লাস্টারে সিএফসি স্থাপনের লক্ষ্যে ২৬ মে ২০২৩ রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে চীন থেকে আমদানিকৃত সিএফসির যন্ত্রপাতি স্থাপনের (সেট-আপ, ইনস্টেলেশন, ইলেকট্রিক্যাল ওয়ারিং) কার্যক্রম শুরু হয়েছে। কার্যক্রম মনিটর করার জন্য গঠিত টেকনিক্যাল কমিটি Technical Inspection and Acceptance Committee (TIAC) ২৬-২৭ মে ২০২৩ কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন ও মতবিনিময় করে। কমিটিতে টেকনিক্যাল রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর নির্বাহী প্রকৌশলী সায়েদ আব্দুল বাকী, পিপলস ফুটওয়্যার অ্যান্ড লেদারগুডস-এর প্রোপ্রাইটর হাফিজুর রহমান এবং এক্সিস লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার-এর প্রোপ্রাইটর মো. মাসুদ পারভেজ। সার্বিকভাবে কার্যক্রম পর্যবেক্ষণ করার জন্য উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া, উপব্যবস্থাপক মো. তানভীর ফয়সাল, উপব্যবস্থাপক জোনা তালুকদার ও সহকারী ব্যবস্থাপক মেহেদী হাসান এবং কালুহাটি পাদুকা শিল্প মালিক সমবায় সমিতি'র প্রেসিডেন্ট, সেক্রেটারিসহ সদস্যবৃন্দ। উল্লেখ্য, ক্লাস্টারটিতে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) সফলভাবে চালু হলে উৎপাদন ব্যয় কমবে, উৎপাদন বৃদ্ধি ও নতুন বাজার সৃষ্টি হবে এবং কর্মসংস্থান বৃদ্ধি ও দক্ষ জনশক্তি গড়ে উঠবে বলে আশা করা যায়।

## রাজশাহীর কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টারের (সিএফসি) স্থান পরিদর্শন এবং প্রশাসনের সাথে মতবিনিময়



মতবিনিময় সভা শেষে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানকে শুভেচ্ছা জানাচ্ছেন চারঘাট উপজেলা নির্বাহী অফিসার মো. সোহরাব হোসেন


ক্লাস্টারভিত্তিক উদ্যোক্তাদের পণ্যের গুনগত মানোন্নয়ন, বহুমুখী পণ্য উৎপাদন, উৎপাদন হার বৃদ্ধিসহ সার্বিকভাবে ব্যবসার উন্নয়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন বাংলাদেশে প্রথমবারের মত সিএফসি স্থাপন করছে। এ লক্ষ্যে রাজশাহীর চারঘাটের কালুহাটি পাদুকা শিল্প ক্লাস্টারে কমন ফ্যাসিলিটি সেন্টার (সিএফসি) স্থাপনের কাজ শুরু হয়েছে। ১৪ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ, উপব্যবস্থাপক অসীম কুমার হালদার সিএফসি পরিচালনা কমিটি বিষয়ে জেলা প্রশাসক শামীম আহমেদ ও চারঘাট উপজেলা নির্বাহী অফিসার মো. সোহরাব হোসেনের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় সভার প্রেক্ষিতে সিএফসি কমিটি বিষয়ে একটি পত্র ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বরাবর পাঠানো হয়েছে। উল্লেখ্য, মতবিনিময় সভা শেষে ফাউন্ডেশন টিম সিএফসি'র জন্য নির্ধারিত জায়গার প্রস্তুতি পর্যবেক্ষণ এবং উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন।


## জামালপুর নকশিকাঁথা ক্লাস্টারে 'বেসিক অ্যাকাউন্টিং এবং আনুষ্ঠানিক ব্যাংকিং শিক্ষা' কর্মশালা




১১-১২ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশন ও আইডিএলসি ফাইন্যান্সের উদ্যোগে জামালপুর নকশিকাঁথা ক্লাস্টারে 'বেসিক অ্যাকাউন্টিং এবং আনুষ্ঠানিক ব্যাংকিং শিক্ষা' কর্মশালা আয়োজন করা হয়। ৩০জন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার অংশগ্রহণে কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন আইডিএলসি ফাইন্যান্স, ময়মনসিংহের সিনিয়র এক্সিকিউটিভ অফিসার এ.টি.এম. মাঈদুল ইসলাম এবং সহকারী ব্যবস্থাপক নূর আলম সিদ্দিকী। উপস্থিত ছিলেন জামালপুর নকশিকাঁথা ক্লাস্টারের প্রতিনিধি ও নাসিব জামালপুর শাখা সভাপতি শাহিনূর আলম এবং এসএমই ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুল্লাহ। কর্মশালায় উদ্যোক্তাগণ বেসিক অ্যাকাউন্টিং এবং আনুষ্ঠানিক ব্যাংকিং বিষয়ে জ্ঞান লাভ করেন এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে সরাসরি সম্পর্ক তৈরি ও ঋণ প্রাপ্তির পথ সুগম হয়। উল্লেখ্য, এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে সারা দেশের এসএমই ক্লাস্টারসমূহে ইতঃপূর্বে আনুষ্ঠানিক ব্যাংকিং বিষয়ে কর্মশালার মাধ্যমে সফলভাবে ঋণ প্রাপ্তির দৃষ্টান্ত রয়েছে। কর্মশালা শেষে উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করা হয়।

## মৃৎশিল্প ক্লাস্টার এবং আর্টিফিশিয়াল জুয়েলারি ক্লাস্টার পণ্যের প্রোডাক্ট ক্যাটালগ প্রকাশ




দেশের অর্থনীতি এবং কর্মসংস্থান সৃষ্টিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও প্রচার ও প্রসারের অভাবে উদ্যোক্তাগণ বাধার সম্মুখীন হয়ে থাকেন। ক্লাস্টারসমূহে উৎপাদিত পণ্যের প্রচার-প্রসারের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন ক্লাস্টারভিত্তিক প্রোডাক্ট ক্যাটালগ প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। জুন ২০২৩-এ মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টার, ঝালকাঠি'র বাউফল মৃৎ শিল্প ক্লাস্টার এবং ভাকুর্তা আর্টিফিশিয়াল জুয়েলারি ক্লাস্টারের জন্য পৃকভাবে তিনটি প্রোডাক্ট ক্যাটালগ প্রকাশ করা হয়েছে। ক্যাটালগসমূহে ক্লাস্টার পরিচিতির পাশাপাশি উৎপাদিত পণ্যের তথ্য, ছবি, বৈশিষ্ট্য ও উৎপাদনকারীর তথ্য সন্নিবেশিত হয়েছে, যা ক্লাস্টারগুলোর পরিচিতি, বাজার সম্প্রসারণ ও ক্রেতা-বিক্রেতা যোগাযোগ বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করতে পারে। ক্যাটালগগুলো সহজে বহনযোগ্য হওয়ায় বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক মেলা এবং সম্মেলনে ক্লাস্টার পরিচিতি বৃদ্ধি ও ক্রেতা-বিক্রেতা সম্মিলনে কার্যকর ভূমিকা পালন করবে। উল্লেখ্য, ইতোমধ্যে মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারের প্রোডাক্ট ক্যাটালগ প্রকাশ করা হয়েছে।

## ‘One Division 100 New Entrepreneurs Creation Program’ কর্মশালা



কর্মশালায় এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানসহ অতিথিবৃন্দ

২৪ মে ২০২৩ রাজশাহীতে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘One Division One Hundred New Entrepreneurs Creation Program’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় নতুন উদ্যোক্তা তৈরি, রপ্তানি সম্প্রসারণ, রেশম শিল্প উন্নয়ন, পণ্যের বাজারজাতকরণসহ রাজশাহী অঞ্চলের উদ্যোক্তাদের চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ে আলোচনা করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। সভাপতিত্ব করেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। অংশগ্রহণ করেন রাজশাহী রেশম মালিক সমিতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি (নাসিব), রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, রাজশাহী উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, উইমেন এন্টারপ্রিনিয়ার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ওয়েব) এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)-এর প্রতিনিধি।

## ‘SME Export & Internationalization’ কর্মসূচি



এসএমই ফাউন্ডেশন অতি ক্ষুদ্র (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রয়, প্রচার ও প্রসারসহ দেশ-বিদেশের ক্রেতাদের সাথে যোগাযোগ ও সংযোগ স্থাপনে সহায়তা প্রদানের লক্ষ্যে ১১-১৫ জুন ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ‘SME Export & Internationalization’-এর আওতায় কৃষি প্রক্রিয়াজাতকরণ, হস্তশিল্প, চামড়া এবং পাট পণ্য ব্যবসার সাথে যুক্ত এবং সম্ভাবনাময় উদ্যোক্তাদের সহায়তা প্রদানের জন্য ৪টি কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় খাতভিত্তিক সফল উদ্যোক্তা হিসেবে অভিজ্ঞতা বিনিময় করেন তৌহিদ বিন আব্দুস সালাম, স্বত্ত্বাধিকারী, ক্লাসিক্যাল হ্যান্ডমেইড প্রোডাক্টস, মোস্তাক সাম বিল্লাহ, স্বত্ত্বাধিকারী, গোল্ডেন রোপ, ছৈয়দ মুহাম্মদ শোয়াইব হাছান, হিফস অ্যাগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য মো. রাশেদুল করীম মুন্না। সভাপতিত্ব করেনএসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার।

## ‘ঐতিহ্যবাহী কোমর তাঁত পণ্যের উন্নয়ন ও বাজার সংযোগ’ ওয়েবিনার



২০১৩ সাল থেকে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ঐতিহ্যবাহী কোমর তাঁত পণ্যের উন্নয়ন ও বাজার সংযোগের লক্ষ্যে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। এই কার্যক্রমের আওতায় কোমর তাঁত পণ্যের উন্নয়নের লক্ষ্যে ডিজাইন পোর্টফোলিও তৈরি, তাঁতী/উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান, ডিজাইন অনুযায়ী পণ্য তৈরি এবং বাজার সংযোগের লক্ষ্যে প্রদর্শনী আয়োজন করা হয়।

ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের নির্দেশনায় এই কার্যক্রমের আওতায় নতুন ব্যাচ শুরুর লক্ষ্যে ১৯ জুন ২০২৩ একটি ওয়েবিনার আয়োজন করা হয়। ওয়েবিনারে এসএমই ফাউন্ডেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের তাঁতী, উদ্যোক্তা, ডিজাইনার, বাজারজাতকারী ও নারী-উদ্যোক্তা সংগঠকগণ অংশগ্রহণ করেন।

## ‘Mapping And Profiling of Heritage and Indigenous Products of Bangladesh’ গবেষণা



১০ এপ্রিল ২০২৩ দেশের বিদ্যমান হেরিটেজ পণ্যসমূহ সংরক্ষণ, মানোন্নয়ন, প্রচার ও প্রসারে বৃহৎ পরিসরে কাজ করার লক্ষ্যে অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইন বাংলাদেশ (এএফডিবি)-এর সাথে মতবিনিময় সভা আয়োজন করে এসএমই ফাউন্ডেশন। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য এবং অ্যাসোসিয়েশন অব ফ্যাশন ডিজাইন বাংলাদেশ (এএফডিবি)-এর সভাপতি মানতাশা আহমেদ। দেশের হেরিটেজ পণ্য সংরক্ষণ, মান উন্নয়ন এবং হেরিটেজ হ্যান্ডলুম ফেস্টিভ্যাল আয়োজন নিয়ে সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী ফাউন্ডেশনের উদ্যোগে ‘Mapping And Profiling of Heritage and Indigenous Products of Bangladesh’ গবেষণা কর্মসূচি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ‘Strategy for Women Entrepreneurship Development in Bangladesh’ মতবিনিময় সভা



জাতিসংঘের এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সম্পর্কিত অর্থনৈতিক ও সামাজিক কমিশন, UNESCAP-এর উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় ‘Catalyzing Womens Entrepreneurship: Creating a Gender Responsive Entrepreneurial Ecosystem’ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় নারী-উদ্যোক্তা উন্নয়নে একটি স্ট্র্যাটেজি প্রনয়ণ করা হবে। এই লক্ষ্যে ০৯ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে বিভিন্ন উইমেন চেম্বার/অ্যাসোসিয়েশন প্রতিনিধি এবং নারী-উদ্যোক্তাদের সাথে একটি মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান।

## এসএমই উদ্যোক্তাদের আইসিটি দক্ষতা উন্নয়ন কার্যক্রম





ফাউন্ডেশনের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) উইং এপ্রিল-জুন ২০২৩-এ ঢাকা, টাঙ্গাইল, নাটোরে প্রায় ১২০জন উদ্যোক্তার ব্যবসা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিগত সহায়তা প্রদান করেছে। উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো:

এসএমই ফাউন্ডেশন দেশের বিভিন্ন এলাকায় ১৭৭টি সম্ভাবনাময় ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্লাস্টার চিহ্নিত করে উদ্যোক্তাদের পণ্য অনলাইন প্ল্যাটফর্মে বিপণনে শ্রীমঙ্গল, পটুয়াখালি, জামালপুর, মানিকগঞ্জ, রাজশাহীতে কর্মশালা আয়োজন করে। এপ্রিল-জুন ২০২৩-এ টাঙ্গাইল ও ঢাকায় বিভিন্ন ক্লাস্টারে কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহারের সুবিধা, পণ্য আপলোড করা, পণ্যের ফটোগ্রাফি বিষয়ে উদ্যোক্তাদের প্রাথমিক ধারণা প্রদান করা হয়। এছাড়া উদ্যোক্তাদের সংশ্লিষ্ট বিষয়ে রিসোর্স পার্সনদের সাথে নেটওয়ার্কিং করা হয়। কর্মশালায় ৬টি উদ্যোক্তাদের পণ্য বিপণনে ফেসবুক পেজ তৈরি করা হয়, যার মাধ্যমে উদ্যোক্তাদের পণ্য বিশ্বব্যাপী প্রসার লাভ করবে। ফেসবুক পেজের লিংকসমূহ:

| | |
|---|---|
| মনিপুরী তাঁত শিল্প ক্লাস্টার, শ্রীমঙ্গল | www.facebook.com/monipuritatshilpo |
| জামালপুর নকশীকাঁথা ক্লাস্টার, জামালপুর | www.facebook.com/jamalpurnakshibd |
| ঘিওর বাঁশ-বেত ক্লাস্টার, মানিকগঞ্জ | www.facebook.com/ghiorbashbet |
| বাউফল মৃৎশিল্প ক্লাস্টার, পটুয়াখালী | www.facebook.com/bauphal.cluster |
| কালুহাটি পাদুকা ক্লাস্টার, রাজশাহী | www.facebook.com/kaluhaticluster |
| টাঙ্গাইল বল্লা তাঁত শিল্প ক্লাস্টার, টাঙ্গাইল | www.facebook.com/bollatatshilpo |

## ‘LDC Graduation of Bangladesh: Challenges and Opportunities for SMEs’ সেমিনার




সেমিনারে পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব ড. শামসুল আলম, এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব শেখ ফয়েজুল আমিন, এফবিসিসিআই এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব মোস্তফা আজাদ চৌধুরী বাবু, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট জনাব সামির সাত্তার এবং ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশের এসএমই খাতের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রয়োজন। সেই সাথে পণ্যের উৎপাদন ব্যয় কমানোর পাশাপাশি মান এবং দরকষাকষির ক্ষমতা বাড়ানোর পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। ১০ মে ২০২৩ রাজধানীর আগারগাঁওয়ে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES), Bangladesh-এর উদ্যোগে ‘LDC Graduation of Bangladesh: Challenges and Opportunities for SMEs’ সেমিনারে বিশেষজ্ঞরা এসব কথা বলেন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম। এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক আবু হেনা রেজা হাসান মূল প্রবন্ধে বলেন, বাংলাদেশের এসএমই খাতের দক্ষ জনশক্তি ও ব্যবস্থাপক এবং প্রযুক্তির অভাব রয়েছে। এসব সমস্যা সমাধানে এসএমই খাতের উন্নয়নে প্রশিক্ষণ, প্রযুক্তি উন্নয়ন দক্ষ ব্যবস্থাপক গড়ে তুলতে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রয়োজন। সেই সাথে পণ্যের মান নিশ্চিত করতে মান নিয়ন্ত্রক প্রতিষ্ঠানগুলোকে শক্তিশালী করা, মেধাস্বত্ত্ব নিশ্চিত করতে এসএমই প্রতিষ্ঠানগুলোর জন্য আলাদা কর্তৃপক্ষ গঠন করা প্রয়োজন। পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম বলেন, জরুরি ভিত্তিতে অন্তত ৮টি দেশের সাথে মুক্ত বাণিজ্য চুক্তি করা প্রয়োজন। এখন পর্যন্ত শুধু শ্রীলংকা ও ভূটানের সাথে এই চুক্তি করা সম্ভব হয়েছে। তাই এক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে উদ্যোগ নেয়া দরকার। পাশাপাশি এসএমই খাতের উন্নয়নে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করতে এসএমই ডেটাবেজ তৈরি প্রয়োজন বলেও মনে করেন তিনি। উল্লেখ্য, বাংলাদেশ ২০২৬ সালে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে পুরোপুরি বের হয়ে যাবে। এলডিসি থেকে উত্তরণ হওয়া দেশগুলোর অর্থনৈতিক সক্ষমতা বেশি বলে ধরে নেয়া হয়, যার ফলে এলডিসি থেকে উত্তরণের কারণে বিশ্ব দরবারে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে। বাংলাদেশ উন্নয়নশীল দেশ হিসেবে বিবেচিত হবে, যা দেশের সামাজিক ও অর্থনৈতিক সক্ষমতার বহিঃপ্রকাশ। তবে এলডিসি থেকে বের হলে বাংলাদেশের কিছু বাণিজ্য ও অন্যান্য সুবিধা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। অন্যদিকে কিছু সুবিধাও মিলবে। এলডিসি হিসেবে বাংলাদেশ বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) আওতায় বিশ্বের বিভিন্ন দেশে পণ্য রপ্তানির ক্ষেত্রে শুল্কমুক্ত বাণিজ্য সুবিধা পায়। বিদ্যমান নিয়ম অনুযায়ী, ২০২৬ সালে এসব সুবিধা বন্ধ হয়ে যাবে। বর্তমানে বাংলাদেশের ৭৫ শতাংশ পণ্য কোনো না কোনোভাবে অগ্রাধিকারমূলক বাজার সুবিধার আওতায় রপ্তানি হয়। এলডিসি থেকে উত্তরণ হলে এই অগ্রাধিকারমূলক বাজার সুবিধা ক্রমান্বয়ে হারাতে থাকবে বাংলাদেশ। ফলে আন্তর্জাতিক বাণিজ্যে বাংলাদেশের এসএমই পণ্যেরও তুলনামূলক সুবিধা হ্রাস পাবে। আন্তর্জাতিক বাজারে প্রবেশাধিকার হ্রাস তাদেরকে চ্যালেঞ্জিং বাস্তবতার মধ্যে ফেলবে। বাংলাদেশের এসএমই খাত ইতোমধ্যেই বিভিন্ন ধরনের চ্যালেঞ্জ মোকাবেলা করে এগিয়ে যাচ্ছে ফলে নতুন এই চ্যালেঞ্জ মোকাবেলায় দেশের এসএমইদের সক্ষমতা দ্রুত বাড়ানোর জন্য সরকারের সক্রিয় সহযোগিতা দরকার। এ সকল বিষয়ে আলোকপাত করার জন্যই এই সেমিনারের আয়োজন করে এসএমই ফাউন্ডেশন।

## নারী-উদ্যোক্তাদের জন্য ‘Day Care Center management’ প্রশিক্ষণ




অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান এবং ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমানসহ অতিথিবৃন্দ

নারীর ক্ষমতায়নের যুগে শিশু পরিচর্চা ও শিশুর মানসিক বিকাশের জন্য ডে-কেয়ার সেন্টার একটি সম্ভাবনাময় ব্যবসা, যার প্রয়োজনীয়তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এই প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তাদের জন্য ১৪-১৮ মে ২০২৩ ‘Day Care Center management’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ডে-কেয়ার বিষয়ে একাডেমিক শিক্ষা রয়েছে এবং এই ব্যবসার সাথে দীর্ঘদিন জড়িত ৭জন নারী-উদ্যোক্তা সেশনে রিসোর্স পার্সন ছিলেন। প্রশিক্ষণে উদ্যোক্তাদের ডে-কেয়ার ব্যবসার প্ল্যানিং, মডেল নির্ধারণ, ডে-কেয়ার ব্যবসার আইনি বিষয়াবলী, শিশুদের মানসিক বিকাশ, বয়সভিত্তিক সঠিক খেলনা নির্বাচন, শিশুদের খাদ্য ও পুষ্টিগুণ বিষয়ে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের ৪র্থ দিন ১৭ মে ২০২৩ এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক সালাহ উদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক ফারজানা খান উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করেন। ৫ম দিনে প্রশিক্ষণার্থীগণ ডে-কেয়ার সেন্টার সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে ঢাকার নিকেতনে নারী-উদ্যোক্তা পরিচালিত এবিসি আর্লি লার্নিং ডে-কেয়ার সেন্টার, ইস্কাটনে বাম্বল বি ডে-কেয়ার সেন্টার এবং উত্তরায় স্পর্শ ডে-কেয়ার সেন্টার পরিদর্শন করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়। এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে আয়োজিত প্রশিক্ষণে ডে-কেয়ার ব্যবসার সাথে জড়িত এবং ডে-কেয়ার সেন্টার স্থাপনে আগ্রহী ২৫জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

Scan to download PDF

সম্পাদনা পরিষদ: সালাহ উদ্দিন মাহমুদ, উপব্যবস্থাপনা পরিচালক; মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক
অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd